# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-10-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী SIR-এ কোন বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে।

২) রাজ্যে সঠিকভাবে SIR হলে ১ কোটিরও বেশি ভুয়ো ভোটারের নাম বাদ যাবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৩) নাগরাকাটায় দলের সাংসদ ও বিধায়কের ওপর আক্রমণের ঘটনায় রাজ্যপালের তরফে কড়া পদক্ষেপের দাবি জানিয়েছে বিজেপি।

৪) পঞ্চায়েত এলাকার উন্নয়নে রাজ্যকে ৬৮০ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার।

গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বরাদ্দ হয়েছে ১৫১ কোটি টাকার বেশি।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের দক্ষিণের জেলাগুলিতে আগামী ২-৩ দিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

৬) আই এফ এ শিল্ড ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ৫-১ গোলে গোকুলাম কেরালা এফ সি-কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী SIR-এ কোনও বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে আজ ভোটার তালিকা সংশোধন নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকের পর রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এই আশ্বাস দিয়েছেন।

(বাইট)

দু'দিনের সফরে রাজ্যের SIR প্রস্তুতি খতিয়ে দেখতে এসেছিলেন সিনিয়র উপ-নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী-সহ কমিশনের চার সদস্যের প্রতিনিধিদল। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন বাঁকুড়া, ঝাড়গ্রাম ও পূর্ব মেদিনীপুরের জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার, ERO, AERO সহ আধিকারিকরা। রাজ্যের তরফে ছিলেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও অরিন্দম নিয়োগী প্রমুখ। বৈঠকে মূলত বুথ লেভেল অফিসারদের ভূমিকা ও দায়িত্ব নিয়ে আলোচনা হয়। নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, বিহারে যেভাবে SIR প্রক্রিয়া সম্পন্ন হয়েছে, পশ্চিমবঙ্গেও সেই একই পদ্ধতি অনুসরণ করা হবে। সিনিয়র উপ-নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী বৈঠক শেষে স্পষ্ট বার্তা দেন— কমিশনের নির্দেশ মেনে চলতে হবে। অন্যথা আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। বুথ লেভেল অফিসারদের নিরাপত্তা সংক্রান্ত প্রশ্নের জবাবে তিনি জানান, আইনশৃঙ্খলা রক্ষা এবং নিরাপত্তার দায়িত্ব সম্পূর্ণ রাজ্যের। তবে নির্বাচন কমিশন নিজস্ব নজরদারি চালিয়ে যাচ্ছে এবং প্রতিটি পদক্ষেপ পর্যবেক্ষণ করছে।

দু'দিনের সফর শেষে নির্বাচন কমিশনের প্রতিনিধিদল দিল্লি ফিরে গেলেও, এসআইআর প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে কবে শুরু হবে তা স্পষ্ট করেনি কমিশন। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর নামে রাজ্যে এন আর সি প্রয়োগের চক্রান্ত চলছে বলে মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সঠিকভাবে এস আই আর হলে ১ কোটিরও বেশি ভুয়ো ভোটারের নাম বাদ যাবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। বাংলার বিস্তীর্ণ এলাকায় বহু বাংলাদেশী অবৈধভাবে প্রবেশ করে বসবাস করছে বলে এদিন সাংবাদিকদের কাছে তিনি দাবি করেন।

সমীক্ষার কাজ শুরু হলে বিজেপি সর্বোতভাবে কমিশনকে সাহায্য করবে বলেও জানিয়েছেন তিনি। SIR প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। তিনি বলেন, বহু ভুয়ো ভোটারের নাম তালিকা থেকে বাদ যাবে।

(বাইট–শান্তনু ঠাকুর)

নির্বাচনে কারচুপি যাতে না হয় সেই দাবিতে আজ কংগ্রেস হাওড়ার উলুবেড়িয়ায় এস ডি ও অফিসের সামনে গণ স্বাক্ষর কর্মসূচী পালন করে।

০০০০০০০০০০০০০০০০০

মূর্শিদাবাদের ডোমকল ও রানিনগরে ৬ বাংলাদেশী অনুপ্রবেশকারীকে গ্রেফতার করেছে পুলিশ। বাংলাদেশের কিশোরগঞ্জের বাসিন্দা আকাশ শেখ ও রবি শেখ নামে দু-জনকে গতরাতে ডোমকলের ভাতশালা মোড় থেকে গ্রেফতার করা হয়।

অন্যদিকে, রানীনগরের হারুডাঙা এলাকায় পুলিশ ও বিএসএফ যৌথ অভিযান চালিয়ে চার যুবককে গ্রেফতার করে। এরা সকলেই বাংলাদেশের রাজসাহীর বাসিন্দা।

oooooooooooooooo

বিজেপি নাগরাকাটায় দলের সাংসদ ও বিধায়কের ওপর আক্রমণের ঘটনায় রাজ্যপালের তরফে কড়া পদক্ষেপের দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যে যে কোনো সাম্প্রদায়িক অশান্তি এবং প্রাকৃতিক বিপর্যয়ে রাজ্যপাল ঘটনাস্থলে গিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছেন। এক্ষেত্রেও রাজ্যের মানুষ দলমত নির্বিশেষে নাগরাকাটার ঘটনায় কড়া পদক্ষেপ চাইছে।

(বাইট)

তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে আদিবাসী বিদ্বেষীর অভিযোগ তুলে রাজ্যের বিভিন্ন জেলায় ১৩ থেকে ১৬-ই অক্টোবর বিক্ষোভ দেখাবে বিজেপি। আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা আজ কলকাতায় একথা জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বন্যা বিধ্বস্ত উত্তরবঙ্গ পরিদর্শন প্রসঙ্গে বিরোধী দলনেতা বলেন, শুধুমাত্র ছবি তোলা এবং বিপর্যয়ের দিনে কার্নিভালে উপস্থিত থাকার বিষয়টি আড়াল করতেই মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে গেছেন।

oooooooooooooooooo

এদিকে, বিজেপি নেতাদের ওপরে হামলার ঘটনায় কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। এক্ষেত্রে NIA ও সিবিআই তদন্তের আর্জি জানানো হয়েছে দুটি পৃথক মামলায়। বিচারপতি কৌশিক চন্দ মামলা গ্রহণ করেছেন। সে গুলির শুনানি হবে আগামী ১৪ই অক্টোবর কলকাতা হাইকোর্টের পুজা অবকাশকালীন বেঞ্চে।

বিজেপি সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শঙ্কর ঘোষের ওপর হামলার ঘটনায় পুলিশ আজ আরো একজনকে গ্রেফতার করেছে। এতোয়া ওঁরাও নামে ঐ ব্যক্তিকে আগামীকাল আদালতে তোলা হবে। এর আগে ধৃত চারজনকে আজ আদালতে তোলা

হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। দুই নেতার উপর হামলার ঘটনায় মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে হলো পাঁচ।

ooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সোমবার ফের উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন। দার্জিলিং-এ তিনি পুনর্গঠনের কাজ তদারকি এবং পরিদর্শন করবেন মুখ্যমন্ত্রী। উত্তরবঙ্গে ভয়াবহ বিপর্যয় মোকাবিলায় দমকল কর্মী, SDRF, পুলিশ, ইঞ্জিনিয়ার, চিকিৎসক যাঁরা প্রাণের ঝুঁকি নিয়ে কাজ করেছেন তাঁদের রাজ্যের তরফে বিশেষ ভাবে সম্মানিত ও পুরস্কৃত করা হবে বলে ঘনিষ্ঠ মহলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, পাহাড়ে ধস ও উত্তরবঙ্গে বন্যার পরিস্থিতির মধ্যে কর্তব্যে গাফিলতির অভিযোগে নবান্নের কন্ট্রোল রুমের দায়িত্বে থাকা এক আধিকারিককে শোকজ করা হয়েছে। কেন তাঁর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে না, তার কারণও দর্শাতে বলা হয়েছে ঐ আধিকারিককে।

oooooooooooooooo

রাজ্যের পঞ্চায়েত এলাকার উন্নয়নে কেন্দ্রীয় সরকার পঞ্চদশ অর্থ কমিশনের আওতায় রাজ্যকে ৬৮০ কোটি ৭১ লক্ষ টাকা দিয়েছে বলে জানা গিয়েছে। এই অর্থ রাজ্যের তিন হাজার ২২৪টি গ্রাম পঞ্চায়েত, ৩৩৫টি পঞ্চায়েত সমিতি ও ২১টি জেলা পরিষদের আওতায় থাকা গ্রামীন এলাকা উন্নয়নের কাজে ব্যবহার করার কথা বলা হয়েছে।

অন্যদিকে গ্রামীন স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় সরকার ১৫১ কোটি টাকার বেশি বরাদ্দ করেছে। স্বাস্থ্য খাতের অনুদান হিসাবে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে থাকা ডায়গনাস্টিক সেন্টারগুলির পরিকাঠামোর উন্নয়নে ব্যবহারের জন্য বলা হয়েছে।

ooooooooooooooo

১২টি পার্শ্ব শিক্ষক সংগঠন এর 'সমগ্র শিক্ষা বাঁচাও মঞ্চের' নবান্ন অভিযানকে কেন্দ্র করে আজ ধর্মতলা চত্বর উত্তপ্ত হয়ে উঠে। শূন্য পদে নিয়োগ ছাড়াও বেতন বৃদ্ধির মতো নানা ইস্যুতে সরব হয় তাঁরা। বিক্ষোভকারীদের দাবি, ২০১৮ সালে শেষবার বেতন বৃদ্ধি করা হয়েছিল। শিয়ালদহ থেকে শুরু হয় অভিযান। ধর্মতলায় পুলিশ মিছিল রুখে দিলে ব্যারিকেড ভেঙে ঢোকার চেষ্টা করেন প্রতিবাদী শিক্ষকরা। দ্রুত ব্যবস্থা না নিলে আন্দোলন জোরদার করার হুঁশিয়ারি দিয়েছেন তারা।

এদিকে বেতন বৃদ্ধি, প্রতি মাসে পে স্লিপ সহ এগারো দফা দাবিতে হিডকোতে কর্মরত অস্থায়ী কর্মীরা আজ হিডকো ভবন ঘেরাও করে বিক্ষোভ দেখান। বিক্ষোভের জেরে রবীন্দ্র তীর্থ, নজরুল তীর্থ, মাদার ওয়াক্স মিউজিয়াম, ইকো পার্ক সহ হিডকোর অধীনে থাকা বিভিন্ন স্থান বন্ধ হয়ে যায়। পরে আন্দোলনকারীরা কালো কাপড় বেঁধে হিডকো ভবনে ডেপুটেশন জমা দেন।

oooooooooooooooo

নাবালিকাকে ধর্ষণের অভিযোগে উত্তর দিনাজপুরের কুশমন্ডি থানার পুলিশ পাঁচজনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে এক নাবালকও রয়েছে। আজ তাদের আদালতে তোলা হলে ফাঁসির দাবিতে সরব হয় পরিবার। গত মঙ্গলবার রাতে লক্ষ্মী পুজোর মেলা থেকে বাড়ি ফেরার পথে অভিযুক্ত অষ্টম শ্রেণীর ওই ছাত্রীকে ধর্ষণ করে বলে অভিযোগ। পরিবারের তরফে ৬ জনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ জানানো হয়।

oooooooooooooooooooo

দক্ষিণ বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। এরফলে রাজ্যের দক্ষিণের জেলা কলকাতা, দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রামে আগামী দু-তিন দিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ১২

তারিখের পর থেকে দক্ষিণের জেলাগুলিতে বৃষ্টি ধীরে ধীরে কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ড সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। উত্তরবঙ্গের জেলা গুলিতে আগামী সপ্তাহে দু এক জায়গায় হালকা বৃষ্টি হলেও ভারী বৃষ্টির কোন সম্ভাবনা নেই।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর নোয়াপাড়া স্টেশন লাগোয়া অংশে দক্ষিণেশ্বরমুখী আপ লাইনের কাজে আজ বিকেলে একটি গাছ ভেঙে পড়ায় প্রায় ৪০ মিনিট মেট্রো পরিষেবা ব্যাহত হয়। ব্যস্ত সময়ে এই বিভ্রাটের কারণে অসুবিধেয় পড়েন যাত্রীরা। দমদম স্টেশন থেকে শহীদ ক্ষুদিরাম পর্যন্ত চলে পরিষেবা।

০০০০০০০০০০০০০০০০০

কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএফএ শিল্ড ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ৫-১ গোলে গোকুলম কেরালা এফ সি, কে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিল। মোহনবাগান পরবর্তী ম্যাচে আগামী ১৫ ই অক্টোবর ইউনাইটেড স্পোর্টস ক্লাবের বিরূদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০